সমকাল

তারিখ 11 OCT 2017

# বিশ্ব শিক্ষক দিবস উদযাপন কমিটির শোভাযাত্রা

■ সমকাল প্রতিবেদক

'স্বাধীনভাবে পাঠদান, শিক্ষক হবেন ক্ষমতাবান' প্রতিপাদ্যে রাজধানীতে বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়েছে। পরে ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে (টিএসসি) বিশিষ্ট শিক্ষকদের সম্মাননা দেওয়া হয়।

গত ৫ অক্টোবর ছিল 'বিশ্ব শিক্ষক দিবস'। বিশ্ব শিক্ষক দিবস জাতীয় উদযাপন পরিষদ গতকাল মঙ্গলবার রাজধানীতে নানা অনুষ্ঠানের আয়োজন করে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান উদযাপন পরিষদের প্রধান পৃষ্ঠপোষক।

দিবসটি পালন উপলক্ষে গতকাল সকালে কেন্দ্রীয় শহীদ মিনারে শিক্ষক-শিক্ষার্থীরা এক বিশাল শোভাযাত্রা বের করেন। তেজগাঁও মহিলা কলেজের ছাত্রীরা বাদ্যযন্ত্র বাজিয়ে শোভাযাত্রায় অংশ নেন। এ ছাড়া প্রাথমিক, মাধ্যমিক, কারিগরি ও কলেজ শিক্ষকদের বিভিন্ন সংগঠন, ইউনেস্কো, অ্যাকশনএইড, গণসাক্ষরতা অভিযান, ঢাকা আহ্ছানিয়া মিশন, ব্লাস্টসহ আন্তর্জাতিক ও জাতীয় শিক্ষা সংস্থার প্রতিনিধি এবং অভিভাবকরা এতে অংশ নেন। পরে টিএসসিতে বিশিষ্ট শিক্ষকদের সম্মাননা দেওয়া হয়। বরেণ্য শিক্ষক অধ্যাপক আবদুল্লাহ আবু সায়ীদ, প্রাণী ও প্রকৃতি গবেষণায় পথিকৃৎ ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রয়াত শিক্ষক অধ্যাপক ড. কাজী জাকের হোসেন, ফরিদপুরের দৃষ্টিপ্রতিবন্ধী প্রাথমিক শিক্ষক রোকেয়া বেগম, বগুড়ার প্রাথমিক শিক্ষক ফজলুর রহমান, বরিশালের মাধ্যমিক শিক্ষক পাপিয়া জেসমিনসহ পাঁচ কৃতী শিক্ষককে সম্মাননা দেওয়া হয়। তাদের হাতে ক্রেস্ট তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান। বিশেষ অতিথি ছিলেন ইউনেস্কো ঢাকা অফিসের প্রধান কর্মকর্তা বিয়াট্রিস ক্যালডুন। বিশ্ব শিক্ষক দিবস জাতীয় উদযাপন কমিটির সমন্বয়ক ও জাতীয় শিক্ষানীতি প্রণয়ন কমিটির সদস্য অধ্যক্ষ কাজী ফারুক আহমেদের সভাপতিত্বে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি অধ্যাপক ড. মাকসুদ কামাল।

প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/অবগতি